

কৃষকদের কাছে ব্যক্তির চেয়ে ভিডিও বেশি বিশ্বাসযোগ্য

ইমপ্যাক্ট
স্টাডি

8

ভূমিকা

২০০৫ সালের মধ্যে বাংলাদেশ ধান উৎপাদনে স্বয়ংস্বর্ণতা লাভ করে। শুষ্ক মৌসুমে ধান ক্ষেতে সেচ-পদ্ধতি প্রয়োগ করে তারা এই সাফল্য অর্জন করে। তবে বর্ষা মৌসুমের শুরুতে ভারি বৃষ্টিপাত ধান শুকানোর কাজে নতুন সমস্যা হয়ে দেখা দেয়।

‘কৃষক থেকে কৃষক’ সম্প্রসারণের চেয়ে ভিডিও বেশি ফলপ্রসূ

বীজের মানোন্নয়ন এবং প্রযুক্তি উদ্ভাবনের মাধ্যমে ধানের উৎপাদন ৫-১৫% বৃদ্ধির জন্য গবেষকদল ১৯৯৯ থেকে ২০০২ সাল পর্যন্ত নারী কৃষকদের সাথে মতবিনিময় করেন। পরে এই প্রকল্পের আওতায় ‘কৃষক থেকে কৃষক’ সম্প্রসারণ প্রয়োগ করে তারা ২০০৪ সালের শেষ নাগাদ ১৩ হাজার কৃষকের কাছে পৌঁছাতে সক্ষম হন।

এদিকে আরেকটি স্বল্প বাজেটের প্রকল্পে গবেষকদল আঞ্চলিক জ্ঞান কাজে লাগিয়ে এবং গ্রামীণ নারীদের যুক্ত করে কিছু ভিডিও স্ক্রিপ্ট তৈরি করে। এই দলটি ধানের বীজ ব্যবস্থাপনার ওপর ৬-৮ মিনিটের চারটি ভিডিও তৈরি করে।

২০০৫ সালের মধ্যে গবেষকদল ১২টি জেলার এক হাজার ২৫২ জন নারীর ওপর জরিপ পরিচালনা করে, যারা এই চারটি ভিডিও দেখেছে। এছাড়াও সাতটি ‘কন্ট্রোল গ্রামে’ [control villages] জরিপ চালানো হয়। যারা ভিডিও দেখেছিল তাদের মধ্যে ৭০ ভাগেরও বেশি নারী ধানের বীজ শুকানোর পদ্ধতি উন্নত করতে পেরেছে। এছাড়াও ধান সংরক্ষণপাত্রে ক্ষতিকর পতঙ্গের আক্রমণ বন্ধ করতে নিম্ন-জাতীয় গাছের ব্যবহার ৯% থেকে ৬৭%-এ উন্নীত হয়েছে এবং ৯১% নারী তাদের ধান সংরক্ষণাগার থেকে বাতাস অপসারণ করতে শিখেছে।

প্রায় সব নারীই মাটিতে বীজ শুকানো বন্ধ করেছে। সেখানকার নারীরা খুবই অবাক হয়েছিল এটা জেনে যে, মাটির পাত্রে সূঁছিত থাকে এবং সেগুলো বাতাস থেকে আদ্রতা শোষণ করে নেয়। এই ভিডিওগুলো দেখার পর অনেকেই বিভিন্ন ধরনের সংরক্ষণপাত্র ব্যবহার করে অথবা তাদের চিনামাটির পাত্রগুলো বায়ু নিরোধক করার জন্য রং করে নেয়। ভিডিওগুলো দেখার পর নারীরা ৪৫ ধরনের নতুন পদ্ধতির চর্চা করে [যেখানে ভিডিওতে মাত্র ১৫ ধরনের পদ্ধতি দেখানো হয়েছিল]। এনজিওগুলো মোট সাতশ কপি ভিডিও সংগ্রহ করে এবং এক বছরের মধ্যে তারা এক লাখ ৩১ হাজার জন কৃষকের জন্য এক হাজার চারশটি ভিডিও প্রদর্শনীর আয়োজন করে।

উপসংহার

ভিডিও’র জন্য যা খরচ হয়েছিল তা বেশি পরিমাণে ধান উৎপাদনের মাধ্যমে ১৭ গুণেরও বেশি পরিশোধ হয়েছিল ২০০৫ সালের শেষ নাগাদ। আঞ্চলিক উদ্ভাবন এবং নতুন বৈজ্ঞানিক জ্ঞান প্রসারের জন্য ভিডিও প্রদর্শনী ‘কৃষক থেকে কৃষক’ সম্প্রসারণ পদ্ধতির চেয়ে বেশি ফলপ্রসূ বলে প্রমাণ হয়েছে।



কৃষকেরা বেশ আত্মবিশ্বাসী হতে পারে, বিশেষ করে ক্যামেরার সামনে



ভিডিও দেখার পরে নারীরা ধাতুর ড্রামের মতো বায়ুরোধক সংরক্ষণপাত্রে বীজ সংরক্ষণ পরীক্ষা করে

যোগাযোগ: পল ভ্যান মেলে | paul@agroinsight.com

নিবন্ধটি উদ্ধৃত করতে :

Van Mele, P., A.K.M. Zakaria, Hosne-Ara-Begum, Harun-Ar-Rashid & N.P. Magor 2007 Videos that strengthen rural women's capability to innovate. *Communication for Development and Social Change* 1(3): 273-293.



AGRO insight
communicating agriculture

সারসংক্ষেপ ও ছবি :
জেফ বেটলে